



“বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৫” উপলক্ষে অনলাইন রচনা প্রতিযোগিতা

আগামী ১৭ই মে ২০১৫ আন্তর্জাতিক “বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৫” পালিত হবে। এ উপলক্ষে জাতীয় পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানমালার অংশ হিসেবে আয়োজিত অনলাইন রচনা প্রতিযোগিতার জন্য সারা দেশের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের কাছ থেকে রচনা আহ্বান করা হচ্ছে।

রচনার বিষয় এবং প্রতিযোগীর শ্রেণী বিভাগ নিম্নরূপ :

ক) “টেলিযোগাযোগ এবং তথ্যপ্রযুক্তি: অর্জনসমূহ ও ভবিষ্যৎ সম্ভাবনা”/“Telecommunications & ICTs : Achievements and Possibilities” (অনধিক ১০০০ শব্দ) ৮ম শ্রেণী থেকে মাধ্যমিক বা সমপর্যায়ের বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য।

খ) “ডিজিটাল বাংলাদেশের পথে অভিযাত্রা/সম্ভাবনা”/“On the way to Digital Bangladesh” (অনধিক ১৫০০ শব্দ) উচ্চমাধ্যমিক বা সমপর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।

গ) “টেলিযোগাযোগ এবং তথ্যপ্রযুক্তি: উদ্ভাবনের চালিকাশক্তি”/“Telecommunications & ICTs : Drivers of Innovation” (অনধিক ১৫০০ শব্দ) স্নাতক ও বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য।

রচনা বাংলা বা ইংরেজীতে সংশ্লিষ্ট বিষয় অনুযায়ী লেখা যাবে।

প্রতিযোগিতার নিয়মাবলীসহ বিস্তারিত তথ্য “www.bscc.com.bd” Website এ পাওয়া যাবে। আগ্রহী প্রতিযোগীকে ২৬/০৪/২০১৫ হতে ১০/০৫/২০১৫ তারিখ ১১:০০ ঘটিকার মধ্যে (সময় বর্ধিত করা হলো) “www.bscc.com.bd” Website এর নির্দিষ্ট Link Page-এ অনলাইনে Registration পূর্বক রচনার Soft কপি Upload করতে হবে।

জমাকৃত রচনাগুলি যথাপোযুক্ত পরীক্ষণপূর্বক তিনটি বিভাগে তিনজন করে (১ম, ২য় ও ৩য়) নয় জনকে “বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৫” উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে।

আহ্বায়ক

অনলাইন রচনা প্রতিযোগিতা উপ-কমিটি

“বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস-২০১৫”

ফোন: ৮৮৭৯১৯৫ (অফিস)

ফ্যাক্স: ৮৮৭৯১৯৩ (অফিস)

ইমেইল: wtisd@bscc.com